

## কুরআন ও সহীহ হাদীসের আলোকে নিষিদ্ধ কর্মকান্ড

বিভাগ/অধ্যায়ঃ কুরআন ও হাদীসে বর্ণিত নিষিদ্ধ কর্মসমূহ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

৯৩. জুরকে গালি দেয়া

জাবির বিন্ 'আব্দুল্লাহ্ (রাযিয়াল্লাহ্ আনহুমা) থেকে বর্ণিত তিনি বলেন: একদা রাসূল (সা.) উম্মুস্-সা-ইব অথবা উম্মুল্-মুসাইয়াবের নিকট গিয়ে তাঁকে বললেনঃ তোমার কি হলো ? হে উম্মুস্-সা-ইব অথবা হে উম্মুল্-মুসাইয়াব! তুমি কাঁপছো কেন ? উত্তরে তিনি বললেনঃ আমি তো জ্বরে কাঁপছি। আল্লাহ্ তা'আলা তাতে বরকত না দিক!! রাসূল (সা.) বললেন:

لاَ تَسُبِّيْ الْحُمَّى ، فَإِنَّهَا تُذْهِبُ خَطَايَا بَنِيْ آدَمَ ، كَمَا يُذْهِبُ الْكِيْرُ خَبَثَ الْحَديْدِ

"তুমি জ্বরকে গালি দিও না। কারণ, জ্বর তো আদম সন্তানের পাপরাশি মুছে দেয়। যেমনিভাবে রেত লোহার মরিচা দূর করে দেয়"।[1]

>

## ফুটনোট

[1] (মুসলিম, হাদীস ২৫৭৫)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11343

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন